

বঙ্গবন্ধুর খুনীদের প্রত্যর্পণে যুক্তরাষ্ট্রের সহযোগিতা কামনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থানরত বঙ্গবন্ধুর খুনীদের তাদের জঘন্য অপরাধের বিচারের সম্মুখীন হওয়ার লক্ষ্যে বাংলাদেশের কাছে প্রত্যর্পণের জন্য মার্কিন সহযোগিতা কামনা করেছেন। সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে সফররত মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন এবং শেখ হাসিনার মধ্যে ৫৫ মিনিট স্থায়ী এক আলোচনা অনুষ্ঠানে এই অনুরোধ জানানো হয়। খবর বাসস'র।

আলোচনা অনুষ্ঠানে শেখ হাসিনা ১৯৭৫ সালে কিছু বিপথগামী সেনা অফিসার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারবর্গ এবং নিকট আত্মীয়স্বজনকে হত্যার প্রসঙ্গটি উল্লেখ করেন। তিনি বলেন, ৩ জন হত্যাকারী বর্তমানে যুক্তরাষ্ট্রে রয়েছে। তিনি আরও বলেন, ‘ওই জঘন্য অপরাধে জড়িত উল্লিখিত ৩ ব্যক্তিকে প্রত্যর্পণে মার্কিন পররাষ্ট্র দফতর এবং বিচার দফতর উদ্যোগ নিলে আমরা খুবই আনন্দিত হব।’ প্রেসিডেন্ট ক্লিনটন উল্লেখ করেন যে, এ ধরনের অপরাধী প্রত্যর্পণের ব্যাপারে বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্রের মধ্যে একটি প্রত্যর্পণ চুক্তি হওয়া উচিত।

শেখ হাসিনা মার্কিন প্রেসিডেন্টকে অবহিত করেন যে, এ ধরনের একটি চুক্তির খসড়া ইতোমধ্যে মার্কিন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে।